

ব্রজানন্দ জয় জয়

কথা ও সুর ব্রজানন্দ

শ্রীগুরু জয় জয় , গোবিন্দ জয় জয় ,
পতিত পাবন হরি, ব্রজানন্দ জয় জয় ।
রাধিকা রমন হরি, ব্রজানন্দ জয় জয়,
গোপিকা বল্লভ হরি, ব্রজানন্দ জয় জয় ।
কনৌজের ভূমি পরে শিবোহম্ ধ্বনি করে
জীবের লাগিয়া এলো, এইবার ব্রজরাই ।

রমনারই বন মাঝে, প্রকাশিল সাধু সাঝে,
শিশুবনমালী হরি
ব্রজানন্দ জয় জয়, রমনারই বন মাঝে.....

কালী দুর্গা মহাশক্তি, বাণী লক্ষ্মী মহামুক্তি,
চৈতন্য স্বরূপ হরি, ব্রজানন্দ জয় জয় ।
পাপী, তাপী, রুগী, দুখি, জ্ঞানী, ধনী, মানী, সুখি,
সাধু, সন্ত, দীন গাহে, ব্রজানন্দ জয় জয় ।

নানা দেশে, নানা ভাবে, করে লীলা নিজভাবে
ভক্ত গাহে শিব হরি, ব্রজানন্দ জয় জয় ।

ভক্তগৃহে বৃন্দাবন, করে নিজে সংস্থাপন
কৃষ্ণরূপে দরশন দেন প্রভু দয়াময়,
ব্রজানন্দ জয় জয়, ব্রজানন্দ জয় জয় ।

ডোর ও কৌপিনধারী, মোহন মোরলী ধারী
বুড়াশিব কৃষ্ণ হরি, ব্রজানন্দ জয় জয় ।
হরে ব্রজানন্দ হরে, হরে ব্রজানন্দ হরে
গৌর হরি বাসুদেব, রাম নারায়ণ হরে ।